



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

জরুরি বিজ্ঞপ্তি

নং- ৫১২/বিদ্যালয়-১/সাধারণ/৪০৪১২

তারিখ : ২৭/১১/২০১৮

বিষয় : জাতীয় সংসদ নির্বাচন আচরণ বিধিমালা প্রসঙ্গে।

সূত্র : (১) নির্বাচন কমিশন সচিবালয়ের ১৮/১১/২০১৮ তারিখের স্মারক নং- ১৭.০০.০০০০.০৩৪.৩৬. ০০৮.১৮-৬৯২।
(২) শিক্ষা মন্ত্রণালয়ের ২৫/১১/২০১৮ তারিখের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬৫.১৬. ১২০.১৮-৪৮৪।

উপর্যুক্ত বিষয় ও সূত্রে জাতীয় সংসদ নির্বাচন আচরণ বিধিমালা সংক্রান্ত শিক্ষা মন্ত্রণালয়ের ২৫/১১/২০১৮ তারিখের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬৫. ১৬. ১২০.১৮-৪৮৪ মোতাবেক নির্বাচনী প্রচারণায় সরকারি যানবাহন, সরকারি প্রচারযন্ত্রের ব্যবহার বা অন্যবিধ সরকারি সুবিধাভোগ করতে পারবেন না এবং এতদুদ্দেশ্যে সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত সংস্থার কর্মকর্তা-কর্মচারী বা কোন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক বা কর্মকর্তা-কর্মচারীকে ব্যবহার করতে পারবেন না।

২। কোন প্রতিদ্বন্দ্বী প্রার্থী কোন শিক্ষা প্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদে পূর্বে সভাপতি বা সদস্য হিসাবে নির্বাচিত বা মনোনীত হয়ে থাকলে বা তদকর্তৃক কোন মনোনয়ন প্রদত্ত হয়ে থাকলে নির্বাচন-পূর্ব সময়ে তিনি বা তদকর্তৃক মনোনীত ব্যক্তি উক্ত শিক্ষা প্রতিষ্ঠানের কোন সভায় সভাপতিত্ব বা অংশগ্রহণ করবেন না অথবা উক্ত শিক্ষা প্রতিষ্ঠানের কোন কাজে জড়িত হবেন না।


৩। উল্লিখিত আচরণ বিধি প্রতিপালনার্থে একাদশ জাতীয় সংসদ নির্বাচন সম্পন্ন না হওয়া পর্যন্ত কোন শিক্ষা প্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদের নির্বাচন না করার জন্য মাননীয় নির্বাচন কমিশন সিদ্ধান্ত প্রদান করেছেন।

এমতাবস্থায়, উক্ত নির্দেশনা প্রতিপালন করার জন্য অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরি।

প্রাপক : অধ্যক্ষ/প্রধান শিক্ষক
বোর্ডের আওতাধীন অনুমোদিত সকল শিক্ষা প্রতিষ্ঠান।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে



২৭/১১/১৮

প্রফেসর প্রীতিশকুমার সরকার
বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা

প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ :

- ১। জেলা প্রশাসক (সকল)
- ২। উপজেলা নির্বাহী অফিসার (সকল)
- ৩। জেলা শিক্ষা অফিসার (সকল)
- ৪। অফিস কপি।


২৭/১১/১৮